

## আত-তাওবা | At-Tawba | التَّوْبَةُ

আয়াতঃ ৯ : ১১৬

### আরবি মূল আয়াত:

إِنَّ اللَّهَ لَهُ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ يُحْيِي وَيُمِيتُ وَمَا لَكُمْ مِنْ دُونِ اللَّهِ مِنْ وَلِيٍّ وَلَا نَصِيرٍ ﴿١١٦﴾

### A | ✎ অনুবাদসমূহ:

নিশ্চয় আল্লাহহ, তাঁর জন্যই আসমানসমূহ ও যমীনের রাজত্ব। তিনি জীবন দান করেন ও মৃত্যু ঘটান। আর আল্লাহহ ছাড়া তোমাদের জন্য না আছে কোন অভিভাবক, না আছে কোন সাহায্যকারী। — আল-বায়ান

আকাশমন্ডলী ও পৃথিবীর রাজত্ব আল্লাহরই, তিনিই জীবন দান করেন আর তিনিই মৃত্যু ঘটান। আল্লাহহ ছাড়া তোমাদের নেই কোন অভিভাবক, নেই কোন সাহায্যকারী। — তাইসিরুল

নিশ্চয়ই আল্লাহরই রাজত্ব রয়েছে আসমানসমূহে ও যমীনে। তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান; আল্লাহহ ছাড়া তোমাদের না কোন বন্ধু আছে, আর না কোন সাহায্যকারী। — মুজিবুর রহমান

Indeed, to Allah belongs the dominion of the heavens and the earth; He gives life and causes death. And you have not besides Allah any protector or any helper. — Sahih International

১১৬. নিশ্চয় আল্লাহহ, আসমান ও যমীনের মালিকানা তাঁরই তিনি জীবন দান করেন এবং তিনি মৃত্যু ঘটান। আর আল্লাহহ ছাড়া তোমাদের কোন অভিভাবক নেই, সাহায্যকারীও নেই।

তাফসীরে জাকারিয়া

(১১৬) আকাশমন্ডলী ও পৃথিবীর রাজত্ব নিশ্চয়ই আল্লাহরই; তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটিয়ে থাকেন; আর তোমাদের জন্য আল্লাহহ ছাড়া না কোন বন্ধু আছে, আর না কোন সাহায্যকারী।

তাফসীরে আইসানুল বায়ান

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন